

ঢাকা পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লি: (ডিপিডিসি)

বিদ্যুৎ ভবন, ১, আব্দুল গণি রোড, ঢাকা-১০০০

ঢাকা শহরের অধিকাংশ জায়গায় এবং নারায়ণগঞ্জ ও তার আশেপাশের এলাকায় নিরবিচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহের অঙ্গীকার নিয়ে ২০০৮ সাল হতে ডিপিডিসি তার বাণিজ্যিক কার্যক্রম শুরু করে। উন্নত গ্রাহকসেবা নিশ্চিতকরণ সহ মানসম্মত ও নিরবিচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহের জন্য ডিপিডিসি প্রতিনিয়ত চেষ্টা করে যাচ্ছে।

ডিপিডিসি'র সেবাপ্রার্থী বাণিজ্যিক কার্যক্রমের সঙ্গে সঙ্গতিপূর্ণ BRANDING কার্যক্রমের আওতায় ডিপিডিসি'র জন্য অধিকতর তাৎপর্যপূর্ণ BRAND SYMBOL/ LOGO তৈরীর করার জন্য বর্তমান LOGO পরিবর্তন করে নতুন LOGO নির্বাচন করার লক্ষ্যে “উনুক্ত BRAND SYMBOL/ LOGO ডিজাইন প্রতিযোগিতা” -এর আয়োজন করা হয়েছে। উল্লিখিত প্রতিযোগিতায় অংশগ্রহণে ইচ্ছুক ব্যক্তি বা প্রতিষ্ঠান হতে আবেদন আহ্বান করা যাচ্ছে। আবেদনপত্র ২৮/০২/২০১৮ খ্রি: তারিখ পর্যন্ত অফিস চলাকালীন সময়ের মধ্যে (সকাল ৯:০০ ঘটিকা হতে বিকাল ৫:০০ ঘটিকা পর্যন্ত) জেনারেল ম্যানেজার, এইচ আর, ডিপিডিসি, বিদ্যুৎ ভবন (লেভেল-৪), ১, আব্দুল গণি রোড, ঢাকা-১০০০ -এর কার্যালয়ে গ্রহণ করা হবে।

প্রতিযোগিতায় অংশগ্রহণের শর্তাবলী :

- ক. অংশগ্রহণকারীকে অবশ্যই বাংলাদেশের নাগরিক হতে হবে।
- খ. ব্যক্তির ক্ষেত্রে এককভাবে অথবা সর্বোচ্চ দুইজনের একটি টিম হিসাবে অংশগ্রহণ করা যাবে।
- গ. প্রতিষ্ঠানের ক্ষেত্রে অবশ্যই বৈধ ব্যবসায়িক লাইসেন্স থাকতে হবে।
- ঘ. একজন আবেদনকারী একাধিক ডিজাইন দাখিল করতে পারবে।
- ঙ. ডিজাইনকৃত BRAND SYMBOL/ LOGO -এর একটি theme অনধিক ১০০ শব্দের মধ্যে বর্ণনা করতে হবে।
- চ. ডিজাইনকৃত BRAND SYMBOL/ LOGO -এক বা একাধিক রঙ এর হতে পারে এবং তা অবশ্যই ডিপিডিসির বিদ্যুৎ বিতরণ কার্যক্রমের সাথে সামঞ্জস্যপূর্ণ হতে হবে।
- ছ. BRAND SYMBOL/ LOGO ডিজাইন অবশ্যই অংশগ্রহণকারী ব্যক্তি বা প্রতিষ্ঠানের নিজস্ব ডিজাইন হতে হবে, অন্য কোন প্রতিষ্ঠানের ডিজাইন/ট্রেডমার্ক/কপি রাইট ইমেজ কপি (অনুকরণ/সাদৃশ্য) করে করা যাবে না।
- জ. অংশগ্রহণকারী ব্যক্তি বা প্রতিষ্ঠানের BRAND SYMBOL/ LOGO ডিজাইন ডিপিডিসি'র নিজস্ব সম্পদ (ইনটেলেকচুয়াল প্রপার্টি) এবং রেজিস্ট্রেশনযোগ্য সম্পদ (প্রপার্টি) হিসেবে বিবেচিত হবে।
- ঝ. ডিপিডিসি কর্তৃপক্ষ প্রয়োজন মনে করলে চূড়ান্তভাবে নির্বাচিত BRAND SYMBOL/ LOGO -এর ডিজাইন প্রয়োজনীয় modify করে ব্যবহার করার অধিকার সংরক্ষণ করে।
- ঞ. শর্তাবলীতে উল্লেখ নাই এমন বিষয়ে কোন সমস্যার উদ্ভব হলে ডিপিডিসি কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে বিবেচিত হবে।

প্রতিযোগিতায় অংশগ্রহণের নিয়মাবলী :

- ক. আবেদনপত্র যথাযথভাবে পূরণ করে দাখিল করতে হবে।
- খ. BRAND SYMBOL/ LOGO অবশ্যই high resolution vector file হিসেবে (.ai অথবা .eps format -এ) ডিজাইন করতে হবে।
- গ. BRAND SYMBOL/ LOGO -এর সাইজ 5"X5" মাপের হতে হবে।
- ঘ. ডিপিডিসি'র এমপ্লয়গণও প্রতিযোগিতায় অংশগ্রহণ করতে পারবেন।
- ঙ. আবেদনপত্র এবং BRAND SYMBOL/ LOGO ডিজাইন -এর ০৫(পাঁচ) সেট হার্ডকপি ও সফটকপি (সিডি/ডিভিডি) একটি A4 size খামে জেনারেল ম্যানেজার, এইচ আর, ডিপিডিসি-এর দপ্তরে আগামী ২৮/০২/২০১৮ খ্রি: তারিখ, বিকাল ৫:০০ ঘটিকার মধ্যে দাখিল করতে হবে। সফটকপির সিডি/ডিভিডিসহ ইমেইলে branding@dpdc.org.bd উল্লিখিত সময়ের মধ্যে প্রেরণ করতে হবে। সফটকপি ছাড়া আবেদনকারীর ডিজাইন মূল্যায়ন করা হবে না।

নির্বাচনের মানদণ্ড :

উনুক্ত BRAND SYMBOL/ LOGO ডিজাইন প্রতিযোগিতায় অংশগ্রহণকারী প্রতিষ্ঠান/ব্যক্তি-এর দাখিলকৃত BRAND SYMBOL/ LOGO ডিজাইন ডিপিডিসি'র মনোনীত 'নির্বাচক প্যানেল' -এর মাধ্যমে যাচাই-বাছাই পূর্বক শ্রেষ্ঠ ডিজাইন নির্বাচন করা হবে।

শ্রেষ্ঠ BRAND SYMBOL/ LOGO ডিজাইন নির্বাচনের ক্ষেত্রে নিম্নলিখিত মানদণ্ড অনুসরণ করা হবেঃ

- ক. প্রাসঙ্গিকতা : আবেদনকারীর ডিজাইন অবশ্যই ডিপিডিসি'র প্রাতিষ্ঠানিক কার্যক্রমের সাথে সামঞ্জস্যপূর্ণ এবং প্রাসঙ্গিক হতে হবে।
- খ. মৌলিকত্ব : আবেদনকারীর ডিজাইন মৌলিক এবং সৃজনশীল হতে হবে।
- গ. নান্দনিকতা : ডিজাইন অবশ্যই নান্দনিক এবং রুচিশীল হতে হবে। Color co-ordination এবং visual balance এর মধ্যে সমন্বয় থাকতে হবে। সামগ্রিকভাবে ডিজাইন unique এবং আকর্ষণীয় হতে হবে। ভবিষ্যতে রেজিস্ট্রেশনের ক্ষেত্রে যাতে কোন ধরনের আইনী জটিলতা না হয় সে বিষয়ে লক্ষ্যণীয়।

'নির্বাচক প্যানেল' তাদের বিবেচনায় কোন উপযুক্ত ডিজাইন না পেলে আবেদনকারীর ডিজাইন -কে (শ্রেষ্ঠ ডিজাইনসহ) নির্বাচন না করার ব্যাপারে যে কোন অধিকার সংরক্ষণ করে।